যুগান্তর

MAY 07 2002

পৃষ্ঠা ১ কলাম ৮

# কে হচ্ছেন ঢাবি'র নতুন উপ-উপাচার্য?

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

কে হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য– এ নিয়ে নতুন করে জল্পনা-কল্পনা শুরু হয়েছে। অধ্যাপক জিন্নাতুননেছা তাহমিদা বেগমকে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান পদে নিয়োগ দেয়ার পর গতকাল

উপাচার্য : পৃষ্ঠা : ১৫ কলাম : ৮

## উপাচার্য : ঢাবি

(শেষ পৃষ্ঠার পর)

পদটি শূন্য হয়।

উপ-উপাচার্য পদে নিয়োগ পেতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপি ও জামায়তপন্থী শিক্ষকদের এরই মধ্যে লবিং শুরু হয়ে গেছে। এ পদে যাদের নাম বেশি শোনা যাচ্ছে তারা হলেন– ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি, সিন্ডিকেট সদস্য ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ইউসুফ হায়দার, সমাজবিজ্ঞান অনুষদের ডিন ও লোক প্রশাসন বিভাগের অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান এবং বাংলা বিভাগের অধ্যাপক ড. সাঈদুর রহমান। উপ-উপাচার্যের প্রার্থী তালিকায় আরও রয়েছেন বর্তমান কোষাধ্যক্ষ অধ্যাপক রাশেদুল হাসান, রোকেয়া হলের প্রভোস্ট ও রসায়ন বিভাগের অধ্যাপক তাজমেরি এসএ ইসলাম এবং ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেক্ট্রনিক্স বিভাগের অধ্যাপক আনোয়ার হাসান।